গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের জুলাই ২০১৭ মাসে অনুষ্ঠিত সভার (৫ম সভা) কার্যবিবরণী।**

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমিশনের বিদ্যমান কর্মকাণ্ডের সার্বিক বিষয়ে গত ৯ জুলাই ২০১৭ তারিখ সকাল ১১.০০ টায় চেয়ারম্যান এর সভাপতিত্বে কমিশনের সভা কক্ষে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কমিশনের সদস্যবৃন্দ, বিইআরসি ট্রাইব্যুনালের সদস্যবৃন্দ, সচিব, পরিচালক, উপপরিচালক, একান্ত সচিব এবং সহকারী পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন (উপস্থিতির তালিকা পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)।

২। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান এবং গত ১১ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করেন। সভায় উপস্থিত সকলে তাঁদের মতামত ব্যক্ত করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. বিদ্যুৎ অনুবিভাগ | ১। সভায় অবহিত করা হয় যে, মে ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ছিল ৭৭৮ টি। জুন ২০১৭ মাসে ৪২ টি নতুন আবেদনসহ সর্বমোট লাইসেন্স ওয়েভারের অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ছিল ৮২০ টি। জুন ২০১৭ তে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা ৮০ টি (নতুন ৫১ টি, সংশোধন ১৩ টি এবং নবায়ন ১৬ টি)। জুন ২০১৭ পর্যন্ত অনিষ্পন্ন লাইসেন্স ওয়েভার আবেদনের সংখ্যা ৭৪০ টি।<br><br>২। সভায় অবহিত আরও অবহিত করা হয় যে, মে ২০১৭ পর্যন্ত সিসিপি ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ছিল ৩২৮ টি। জুন ২০১৭ তে ৩৩ টি নতুন আবেদনসহ সর্বমোট অনিষ্পন্ন সিপিপি লাইসেন্স আবেদনের সংখ্যা- ৩৬১ টি। জুন ২০১৭ তে নিষ্পত্তিকৃত আবেদন ২৩ টি (নতুন ৭ টি, সংশোধন ২ টি এবং নবায়ন ১৪ টি)। জুন ২০১৭ পর্যন্ত সিসিপি ক্যাটাগরির ৩৩৮ টি আবেদন অনিষ্পন্ন রয়েছে।<br><br>৩। তাছাড়া সভায় অবহিত করা হয় যে, মে ২০১৭ পর্যন্ত সরকারী সংস্থা, আইপিপি, আরপিপি এবং সিআইপিপি ক্যাটাগরির ১৮ টি লাইসেন্স আবেদন অনিষ্পন্ন ছিল। জুন ২০১৭ পর্যন্ত ১০ টি নবায়নের আবেদনসহ মোট অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ২৮ টি। জুন ২০১৭ তে ১০ টি নবায়নের আবেদন নিষ্পন্ন করা হয়েছে। জুন ২০১৭ পর্যন্ত ১৮ টি আবেদন অনিষ্পন্ন রয়েছে। | বিদ্যুৎ অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (বিদ্যুৎ) |
| ২.গ্যাস অনুবিভাগ | সভায় অবহিত করা হয় যে, পূর্বে অনিষ্পন্ন লাইসেন্স আবেদনের সংখ্যা ১৮০ টি। জুন ২০১৭ তে নতুন আবেদন ১৬ টিসহ অনিষ্পন্ন আবেদন ১৯৬ টি। জুন ২০১৭ তে নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা ১৬ টি। জুন ২০১৭ তে অনিষ্পন্ন মোট আবেদনের সংখ্যা ১৮০ টি। | গ্যাস অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (গ্যাস) |
| ৩.পেট্রোলিয়াম অনুবিভাগ | সভায় অবহিত করা হয় যে, মে ২০১৭ পর্যন্ত বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৩১ টি। জুন ২০১৭ তে নতুন আবেদন ২৫ টি। জুন ২০১৭ পর্যন্ত নিষ্পত্তিকৃত আবেদনের সংখ্যা-২৭ টি। অনিষ্পন্ন আবেদনের সংখ্যা ১৩১ টি । | পেট্রোলিয়াম অনুবিভাগের বিভিন্ন ক্যাটাগরির অনিষ্পন্ন লাইসেন্স আবেদনসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে। মাসিক লাইসেন্স আবেদন নিষ্পত্তির সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে। | পরিচালক (পেট্রোলিয়াম) |

চলমান পাতা-২

| | | | |
|---|---|---|---|
| ৪. অর্থ ও হিসাব অনুবিভাগ | ১। সভাকে অবহিত করা হয় যে, ১ জুলাই ২০১৬ হতে ৩১ মে ২০১৭ পর্যন্ত কমিশনের ক্রমপুঞ্জিত আয় ২১,৩৫,৭৮,৪৪২.০৪ টাকা এবং মোট ব্যয় ৫,৫৬,৯৯,৯৯৬.০০ টাকা। | ১. আগামী সভায় কমিশনের বিগত ২০১৬-১৭ অর্থবছরের আয়-ব্যয়ের প্রতিবেদন উপস্থাপন করতে হবে | পরিচালক (অর্থ ও হিসাব) |
| ৫. প্রশাসন অনুবিভাগ | ১। শূন্য পদে জনবল নিয়োগ:<br>কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে সভায় অবহিত করা হয়।<br><br>২। প্রশিক্ষণ:<br>কমিশনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অনবিলম্বে বার্ষিক প্রশিক্ষণের পরিকল্পনা প্রণয়ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৩। আর্থিক বিধিমালা প্রণয়ন:<br>কমিশনের কাজের সাথে সঙ্গতি রেখে আর্থিক বিধিমালা প্রণয়নের জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৪। কম্পিউটার ক্রয়:<br>কমিশনের সদ্য যোগদানকৃত ২(দুই) জন উপসচিবের কম্পিউটার না থাকায় তাঁদের দাপ্তরিক কাজের জন্য ২ টি ল্যাপটপ কম্পিউটার ক্রয় ও সহকারী পরিচালক (বিদ্যুৎ-২) এর ডেস্কটপ কম্পিউটারে সমস্যা দেখা দেয়ায় তদস্থলে একটি নতুন ডেস্কটপ কম্পিউটার ক্রয়ের জন্য সভায় অভিমত ব্যক্ত করা হয়।<br><br>৫। বিবিধ:<br>কমিশনের সকল ব্যবহার অনুপোযোগী যন্ত্রপাতি/ কম্পিউটার/প্রিন্টার/আসবাবপত্র ইত্যাদি অকেজো ঘোষণা করে তদস্থলে নতুন সামগ্রী ক্রয়ের বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | ১. কমিশনের সকল শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। এখন হতে নিয়োগের ক্ষেত্রে সকল পদে প্যানেল থাকবে।<br><br>২. বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ণের জন্য দ্রুত উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>৩. অনতিবিলম্বে অর্থিক বিধিমালা প্রণয়ন করতে হবে।<br><br>৪. অনতিবিলম্বে ২ টি নতুন ল্যাপটপ কম্পিউটার ও ১টি ডেস্কটপ কম্পিউটার ক্রয় করতে হবে<br><br>৫. কমিশনের সকল ব্যবহার অনুপোযোগী/পুরাতন/বিনষ্ট সামগ্রীর তালিকা প্রণয়ন করে সেগুলো অকেজো ঘোষণাকরণ/ বিনষ্ট করতে হবে। | সচিব |
| ৬. আইন ও বিধি অধিশাখা | ১। সভাকে অবহিত করা হয় যে, ২০১৩ হতে জুন ২০১৭ পর্যন্ত বিরোধ নিষ্পত্তির জন্য ১২৫ টি আবেদন পাওয়া গেছে যার মধ্যে নিষ্পত্তিকৃত ৩৩ টি (কমিশন কর্তৃক ৩২ টি ও বিইআরসি ট্রাইব্যুনাল কর্তৃক ১টি)। অনিষ্পন্ন রয়েছে ৯২ টি (কমিশন কর্তৃক ৭৪ টি, আরবিট্রাল ট্রাইব্যুনাল কর্তৃক ৭ টি এবং বিইআরসি ট্রাইব্যুনাল কর্তৃক ১১ টি) (সংলাগ-৬)।<br><br>২। সভাকে আরও অবহিত করা হয় যে, কমিশনে কয়েকটি খসড়া প্রবিধানমালার খসড়া চূড়ান্তকরণের জন্য প্রক্রিয়াধীন রয়েছে যার মধ্যে-<br>(ক) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০০৮ (সংশোধনী)" এর বিষয়ে ইন-হাউজ আলোচনা করে পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে।<br><br>(খ) "BERC Lubricants (Storage, Specification & Permance Requirement) Codes and Standards এবং BERC Lubricants (Disposal & Re-finery) Regulations" প্রবিধানমালা দুটি একত্র করে প্রবিধানমালা প্রণয়ণ করতে হবে।<br><br>(গ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন অভিন্ন হিসাব পদ্ধতি (বিদ্যুৎ) প্রবিধানমালা" প্রণয়নের জন্য স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১.কমিশনে দাখিলকৃত মোট মামলার সংখ্যা, নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা এবং অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা ছকে উপস্থাপন করতে হবে।<br><br>২. প্রবিধানমালাটি প্রণয়ণের জন্য কমিশনের আইন ও বিধি শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br><br>৩ কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br><br>৪. কমিশনের ট্যারিফ শাখা প্রবিধানমালাটি প্রণয়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |

| | | | |
|---|---|---|---|
| | (ঘ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন ইলেকট্রিসিটি গ্রীড কোড" প্রবিধানমালা প্রণয়নের জন্য স্টেকহোল্ডারদের মতামত গ্রহণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ৫.কমিশনের বিদ্যুৎ অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| | (ঙ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) রিফুয়েলিং স্টেশন নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন যানবাহনের সংকুচিত প্রাকৃতিক গ্যাস (সিএনজি) জ্বালানি ব্যবস্থার নিরাপত্তা কোডস ও স্ট্যান্ডার্ড প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | ৬. কমিশনের গ্যাস অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |
| | (চ) "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ খুচরা ট্যারিফ) প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ পরিবহন ট্যারিফ প্রবিধানমালা", "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ মজুতকরণ, বিপণন ও বিতরণ ট্যারিফ) প্রবিধানমালা" এবং "বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (পেট্রোলিয়াম পদার্থ স্পেসিফিকেশন) প্রবিধানমালা" প্রণয়নের জন্য কার্যপত্রসহ সংশ্লিষ্ট নথি উপস্থাপন করতে হবে। | ৭. কমিশনের পেট্রোলিয়াম অনুবিভাগ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | |

৩। সভাপতি সকল কর্মকর্তাবৃন্দকে যথাসময়ে অফিসে আগমনপূর্বক অধ:স্তনদের উপস্থিতি নিশ্চিত করাসহ হাজিরা খাতা হালনাগাদকরণের ওপর গুরুত্বারোপ করেন। বিভিন্ন অধিশাখা/অনুবিভাগের পেন্ডিং আবেদন/পত্রাদির ওপর দ্রুত কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন।

আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখ:১৮/৭/২০১৭
(মনোয়ার ইসলাম)
চেয়ারম্যান
বিইআরসি, ঢাকা।

---

নং-বিইআরসি/সমন্বয় সভা/প্রশা: ০৯৮/১৬/ ৩৮২৫ তারিখ: ১৯ জুলাই ২০১৭

বিতরণ:

১। পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।

২। উপ-পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা।

৩। সহকারী পরিচালক (সকল), বিইআরসি, ঢাকা

অনুলিপিঃ

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য]

২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য]

৩। মুখ্য সমন্বয়কের একান্ত সচিব, এসডিজি, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। [মুখ্য সমন্বয়ক মহোদয়ের সদয় অবগতির জন্য]

৪। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]

৫। চেয়ারম্যানের একান্ত সচিব, বিইআরসি, ঢাকা। [মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য]

৬। সহকারী পরিচালক (আইন ও বিধি), বিইআরসি, ঢাকা। [বিইআরসি ট্রাইব্যুনালের সদয় অবগতির জন্য]

৭। সদস্য (সকল) এর ব্যক্তিগত সহকারী, বিইআরসি, ঢাকা। [সম্মানিত সদস্য এর সদয় অবগতির জন্য]

২১/০৭/২০১৭
একেএম মনোয়ার হোসেন আখন্দ
পরিচালক (গ্যাস)
ও
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন ঃ ৯১১১৬৮৬